

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২০১

কৈলাসহর, ৪ অক্টোবর, ২০২৩

এমজিএন রেগায় গৌরনগর ব্লকে ৫,৫৫,২৭৪ শ্রমদিবস সৃষ্টি

গৌরনগর ব্লকে চলতি অর্থবছরে এমজিএন রেগায় এখন পর্যন্ত ৫ লক্ষ ৫৫ হাজার ২৭৪ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১০ কোটি ৫৬ লক্ষ ৬৭ হাজার টাকা। ব্লকের ১০ হাজার ৬৯৮ টি পরিবার কাজ পেয়েছেন। এই কর্মসূচিতে ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও এডিসি ভিলেজে ভূমি সমতলকরণ, নতুন রাস্তা তৈরী, পুরাতন রাস্তা সংস্কার সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ রূপায়িত হয়েছে। গৌরনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
